

স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা:

- (১) প্রয়োজনীয় সংখ্যক জীবানুমুক্তকরণ ট্যানেল স্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।
- (২) অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কর্ম/আজিনা/রাস্তাঘাট জীবানুমুক্ত করতে হবে।
- (৩) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরে তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ করাতে হবে।
- (৪) অফিস পরিবহনসমূহ অবশ্যই শতভাগ জীবানুনাশক দিয়ে জীবানুমুক্ত করতে হবে। যানবাহনে বসার সময় পারস্পারিক ন্যূনতম তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং সকলকে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত (স্তর) বিশিষ্ট কাপড়ের মাস্ক, যাক ও মুখ ভালোভাবে ঢেকে রাখবে) ব্যবহার করতে হবে।
- (৫) সার্জিক্যাল মাস্ক শুধু একবার (One time) হিসাবে ব্যবহার করা যাবে। কাপড়ের মাস্ক সাবান দিয়ে পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে।
- (৬) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (৭) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (নূন্যতম তিন ফুট) বজায় রাখতে হবে।
- (৮) প্রতিবার টয়লেট ব্যবহারের পরে সাবান দ্বারা জীবানুমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
- (৯) অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।
- (১০) কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করাতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- (১১) কর্মকর্তা/কর্মচারীদের করোনা (COVID-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তারা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে। ডিজিটেলস টিম এর মাধ্যমে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
- (১২) দৃশ্যমান একাধিক স্থানে ছবিসহ স্বাস্থ্য সুরক্ষা নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।
- (১৩) কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে।



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.৫০.০০১.২০.৩১৪

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

বিষয়: স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডকরণ।
সূত্র: ৩০.০০.০০০০.০১০.১৬.০১৩.১৮-২৬৭, তারিখ- ১৭ মে ২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে কর্তৃপক্ষের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার নিমিত্ত 'স্বাস্থ্যবিধি সংক্রান্ত কতিপয় নির্দেশন' কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: স্বাস্থ্যবিধি সংক্রান্ত কতিপয় নির্দেশন-এর ০১ কপি।

২১-৫-২০২০

মোহাম্মদ আবিদুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন-১)

পরিচালক (যোগাযোগ)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২০১.৫০.০০১.২০.৩১৪/১(৩)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৭
১৯ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ২) ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৩) ব্যক্তিগত সহকারী, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

২১-৫-২০২০

মোহাম্মদ আবিদুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন-১)